

এবার বইমেলা নিয়ে মাথাব্যথা নেই বাংলা একাডেমীর

ফাহিম ফিরোজ ॥ এবার একুশের বইমেলা নিয়ে বাংলা একাডেমীর তেমন কোন মাথাব্যথা নেই। তথা কেন্দ্রে মেলা সংক্রান্ত তেমন কোনো তথ্য নেই। মাইকের বিকট শব্দ দৃশ্যে দর্শক-শ্রোতারা অতিষ্ঠ।

কিন্তু এবারের বইমেলায় পুলিশের। এসব নানা কারণে বাংলা একাডেমীর অসহযোগিতাকে সাধারণ দর্শক-পাঠকরা মেনে নিতে পারছেন না।

আলোচনা কিছুটা জমে উঠেছিল
দৈনিক সাময়িকীতে সাহিত্য ও সংস্কৃতি
৭-এর পৃঃ ৮-এর ৫ঃ দেখুন

বইমেলা প্রথম পৃষ্ঠার পর চর্চা শীর্ষক আলোচনা গতকাল বাংলা একাডেমী যঞ্জে জমে উঠেছিল। প্রবন্ধকার ছিলেন ডঃ ইসরাইল খান। আলোচনায় ছিলেন কবি আল মুজাহিদী, অধ্যাপিকা শাহরিয়া আখতার প্রমুখ। সভাপতি ছিলেন মোস্তফা নূরুল ইসলাম।

কে কত বিক্রি করেছে
সালমান বুক ডিপো' বিক্রি করেছে ৮ হাজার টাকার মত বই, দিবা প্রকাশ- ৪ হাজার টাকা, ঘাসফুল নদী- ১০ হাজার টাকা, ছায়ালোক- ১০০ টাকা, সোলেমানিয়া বুক হাউজ- ২০০০ টাকা।

দুটো উল্লেখযোগ্য বই
মেলায় দুটো উল্লেখযোগ্য বই বিক্রি হচ্ছে। গতকাল মাইকেল হার্টের 'বিশ্বের ১০০ শ্রেষ্ঠ মনীষী' বইটি বিক্রি হয়েছে ১৫০ কপি। শেখরপিয়াসের রচনাসমগ্রও ভাল বিক্রি হয়েছে। আশাউদ্দীন আল আজাদ, জীবনানন্দের ছোট গল্পেরও বেশ কাটাতি ছিল।

ধর্মীয় বইয়ের বিক্রি ভাল
ধর্মীয় বইয়ের বিক্রি অন্যান্যবারের মত না হলেও এবার একেবারে মন্দ নয়। মোকছুদুল মোমিনীন, বোখারী শরীফ, সাইয়েদ কুতুব শহীদ-এর লেখা কোরআন শরীফের তাফসীরের অনুবাদ মোটামুটি ভালই বিক্রি হচ্ছে।

আলিয়ার্স ফ্রিসেজ-এর কোড
বইমেলায় 'আলিয়ার্স ফ্রিসেজ'-এর ষোল ডাল জায়গায় পড়েনি। এ বিষয়ে ষোলটির একজন কর্মকর্তা বলেন, কোন্ডল করি না বলে ভাল ষোল পাইনি। মাইকের বিকট আওয়াজে আমাদের কানের পর্দা ফেটে যাওয়ার উপক্রম।

প্রকাশ্যে ধূমপান
মেলায় আইন-শৃংখলা রক্ষার দায়িত্বপ্রাপ্তদের উপস্থিতিতেই চলছে মাঝে মধ্যে ধূমপান। বাংলা একাডেমী নিচ্ছে না এ বিষয়ে কোনো কঠোর পদক্ষেপ। গতকাল 'অনুপম প্রকাশনী'র সামনে সন্ধ্যায় এক তরুণকে দু'গাল ফুলিয়ে ধূমপান করতে দেখা গেছে।

পুলিশেরও হৃদয় আছে
পুলিশও মানুষ, তাদেরও কোমল হৃদয় আছে। গতকাল সন্ধ্যায় বাংলা একাডেমীর উত্তর পেটে দেখা গেল- দু'জন মহিলা পুলিশের জন্য ক'জন পুলিশ চুড়ি কিনছে বেদেনীর কাছ থেকে। দর্শকরা বিষয়টি বেশ উপভোগ করেন। তবে চুড়ির বদলে বই উপহার দিলে ভাল হত।
'মহাকবির মেলা দর্শন'

প্রতি মেলায় ডাঃ আবদুল হাই উপস্থিত থাকেন। তিনি অনবরত স্বরচিত কবিতা পড়ে দর্শক-শ্রোতাদের বিরক্ত করেন। আনন্দ দেন। তার একটাই বই 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ বই'। তার ভাষায় 'ইচ্ছ্য কবির দল' এখন সারা দুনিয়ায়।